

## তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)

এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা

শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ০৬/২০১৪

অভিযোগকারী : জনাব মোঃ আব্দুল হাকিম

পিতা-মরহুম মমিন উদ্দিন হাওলাদার  
গ্রাম- বলিয়ারকাঠী, পোঃ- খলিসাকোটা  
ভায়া চাখার, উপজেলা-বানারীপাড়া  
জেলা- বরিশাল।

প্রতিপক্ষ : জনাব আর.এস.এম মনিরুল ইসলাম

বিভাগীয় বন কর্মকর্তা  
ও  
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)  
উপকূলীয় বন বিভাগ, চট্টগ্রাম।

### সিদ্ধান্তপত্র।

(তারিখ : ২৮-০১-২০১৪ ইং)

অভিযোগকারী জনাব মোঃ আব্দুল হাকিম তার দাখিলকৃত ৮১/২০১৩ নং অভিযোগের বিষয়ে ২৯-১২-২০১৩ তারিখে তথ্য কমিশনে পুনরায় অভিযোগ দায়ের করেন। অভিযোগে তিনি উল্লেখ করেন যে, তথ্য কমিশন কর্তৃক প্রদত্ত নির্দেশনা অনুযায়ী তিনি গত ২২-১০-২০১৩ তারিখে বন সংরক্ষক ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই), চট্টগ্রাম অঞ্চল, চট্টগ্রাম বরাবরে আপীল আবেদন করেন। এ প্রেক্ষিতে আপীল কর্তৃপক্ষ ১৪-১১-২০১৩ তারিখে বিভাগীয় বন কর্মকর্তা, উপকূলীয় বন বিভাগ, চট্টগ্রাম-কে অভিযোগকারীর অনুরোধকৃত তথ্য সরবরাহের নির্দেশ দেন। অত্র আদেশের পরও উপকূলীয় বন বিভাগ, চট্টগ্রাম এর বিভাগীয় বন কর্মকর্তা তথ্য সরবরাহ না করায় ২৯-১২-২০১৩ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করেন।

০২। বিষয়টি কমিশনের ০৯-০১-২০১৪ তারিখের সভায় আলোচনা করা হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী অভিযোগের বিষয়ে ২৮-০১-২০১৪ তারিখ শুনানীর দিন ধার্য করে সংশ্লিষ্ট পক্ষগণের প্রতি সমন জারী করা হয়।

০৩। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী জনাব মোঃ আব্দুল হাকিম লিখিত বক্তব্য প্রেরণ করে গরহাজির; প্রতিপক্ষ, উপকূলীয় বন বিভাগ, চট্টগ্রাম এর বিভাগীয় বন কর্মকর্তা ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) জনাব আর.এস.এম মনিরুল ইসলাম ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর পক্ষে বিজ্ঞ আইনজীবী জনাব ফরিদুল আলম হাজির। অভিযোগকারী তার ছেলের অসুস্থতার কথা উল্লেখ করে শুনানীতে হাজির হতে না পারায় তার লিখিত বক্তব্য গ্রহণের অনুরোধ করেন। কিন্তু অভিযোগকারী অসুস্থতা সংক্রান্ত কোন মেডিকেল সার্টিফিকেট আবেদনের সাথে সংযোজন করেননি।

০৪। উপকূলীয় বন বিভাগ, চট্টগ্রাম এর বিভাগীয় বন কর্মকর্তা ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) তার বক্তব্যে উল্লেখ করেন যে, তিনি ২৫-১১-২০১৩ তারিখে দায়িত্ব প্রাপ্ত হন। অভিযোগকারীকে তথ্য মূল্য পরিশোধ সাপেক্ষে তথ্য সংগ্রহের জন্য ১৬-০১-২০১৪ তারিখে পত্র প্রেরণ করা হয়েছিল। অভিযোগকারী তথ্য গ্রহণের জন্য কোন প্রকার যোগাযোগ করেননি। অভিযোগকারী তথ্য মূল্য পরিশোধপূর্বক তথ্য সংগ্রহ না করায় তাকে তথ্য প্রদান করা সম্ভব হয়নি। প্রার্থীত তথ্য অভিযোগকারীকে সরবরাহ করার জন্য তার নিকট সংরক্ষিত রয়েছে। তথ্য মূল্য পরিশোধ করা হলে, অভিযোগকারীকে তথ্য সরবরাহ করা সম্ভব হবে।

### পর্যালোচনা।

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর বক্তব্য শবনান্তে, উভয়ের দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কর্তৃক অভিযোগকারীকে তথ্য মূল্য পরিশোধপূর্বক তথ্য সংগ্রহের জন্য পত্র প্রেরণ করা হলেও অভিযোগকারী তথ্য সংগ্রহের ব্যাপারে কোন উদ্যোগ গ্রহণ করেননি। ফলে অভিযোগকারীর তথ্য প্রাপ্তির বিষয়ে কোন আগ্রহ নেই মর্মে কমিশন মনে করেন।

(অঃ পৃঃ দ্রঃ)

## সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো :-

- ১। যেহেতু, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কর্তৃক অভিযোগকারীকে তথ্য মূল্য পরিশোধপূর্বক তথ্য সংগ্রহের জন্য পত্র প্রেরণ করা হলেও অভিযোগকারী তথ্য সংগ্রহের ব্যাপারে কোন উদ্যোগ গ্রহণ করেননি, সেহেতু, অভিযোগকারীর তথ্যের কোন প্রয়োজনীয়তা নেই মর্মে কমিশন মনে করেন।
- ২। অভিযোগকারীকে পুনরায় তথ্য মূল্য পরিশোধ সাপেক্ষে তথ্য গ্রহণের জন্য পত্র মারফত অবহিত করে পত্রের অনুলিপি বন ও পরিবেশ মন্ত্রণালয়ের সচিব ও প্রধান বন কর্মকর্তা কে প্রেরণ করার জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশ দেয়া হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত  
(মোহাম্মদ আবু তাহের)  
তথ্য কমিশনার

স্বাক্ষরিত  
(মোহাম্মদ ফারুক)  
প্রধান তথ্য কমিশনার